

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) ভবন, লেভেল-১৫
৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

নথি নং- ২৬.০৩.০০০০.০০৪.০৫.০৫২.১৫-৫৫৫

তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪২৫
০৭ ডিসেম্বর ২০১৮

বিষয়: বিদ্যমান ইন্ডেন্টিং নিবন্ধন সনদপত্রসমূহকে রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইন্ডেন্টিং সার্ভিসেস) গণ্য করে প্রয়োজনীয় সংশোধন।
সূত্র: বাংলাদেশ ইন্ডেন্টিং এজেন্ট এসোসিয়েশনের পত্র নং বিআইএ/সিসিআইএ/২০১৮/২১৫ তারিখ ২৫/১১/২০১৮।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রপ্তানি নীতি ২০১৫-২০১৮ এর ষষ্ঠ অধ্যায়ের সেবা খাতের ১৭ নং ক্রমিক বর্ণিত ইন্ডেন্টিং সার্ভিসেসকে সেবা খাত হিসাবে ঘোষণা করায়, বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক SRO নং-১৭৮-আইন/২০১৮ তারিখ ০৭ জুন ২০১৮ খ্রিস্টাব্দ এর মাধ্যমে ১৯৮১ সালের আমদানিকারক, রপ্তানিকারক ও ইন্ডেন্টিং (রেজি:) অর্ডার এর অনুচ্ছেদ (ক) এর প্যারাগ্রাফ ২ এর (অ) অনুসারে Goods এর পাশাপাশি Service সংযোজন করে সংশোধন করা হয়েছে। এ বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের বাণিজ্য মন্ত্রণালয়ের ২৪/০১/২০১৬ তারিখের পত্র নং ২৬.০০.০০০০.০৮৯.১৬.০০৫(২).১২-২০ এর ভিত্তিতে বিদ্যমান ইন্ডেন্টিং নিবন্ধন সনদপত্রের পরিবর্তে ইন্ডেন্টরদের অনুকূলে রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইন্ডেন্টিং সার্ভিসেস) গ্রহণের জন্য এ দপ্তর হতে অফিস আদেশ নম্বর ২৬.০৩.০০০০.০০৪.০৫.০৫২.১৫-৪০৪ তারিখ ০১/১০/২০১৮ জারি করা হয়। সে মোতাবেক এ দপ্তরের সাথে নিবন্ধিত বিদ্যমান ইন্ডেন্টিং প্রতিষ্ঠানসমূহের ইন্ডেন্টিং নিবন্ধন সনদপত্র এখন থেকে রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইন্ডেন্টিং সার্ভিসেস) হিসাবে গণ্য হবে। এক্ষেত্রে যে সকল প্রতিষ্ঠান উল্লেখিত অফিস আদেশ জারির পূর্বে ২০১৮-২০১৯ অর্থবছরের ইন্ডেন্টিং নিবন্ধন সনদপত্র ইতিমধ্যে নবায়ন করা হয়ে থাকলে সে সকল প্রতিষ্ঠানকে তাদের নিবন্ধন সনদপত্র সংশ্লিষ্ট অঞ্চলের আমদানি ও রপ্তানি দপ্তরের মাধ্যমে “রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইন্ডেন্টিং সার্ভিসেস)” সংশোধন করিয়ে নিতে হবে।

২। এমতাবস্থায়, যে সকল প্রতিষ্ঠান উল্লেখিত অফিস আদেশ জারির পূর্বেই ২০১৮-২০১৯ অর্থবছরের ইন্ডেন্টিং নিবন্ধন সনদপত্র নবায়ন করেছে সে সকল প্রতিষ্ঠানকে তাদের নিবন্ধন সনদপত্র সংশ্লিষ্ট অঞ্চলের আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ দপ্তরের মাধ্যমে “রপ্তানি নিবন্ধন সনদপত্র (ইন্ডেন্টিং সার্ভিসেস)” রূপে সংশোধন করে নেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(নন্দন কুমার বনিক)
নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের পক্ষে, ঢাকা।
ফোনঃ ৯৫৫৮৪২৭, ফ্যাক্স নং ৯৫৫০২১৭
controller.ho@ccie.gov.bd

বিতরণঃ

আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তরের সকল আঞ্চলিক অফিস।

অনুলিপিঃ

- ১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব, আইআইটি)।
- ২। সভাপতি, বাংলাদেশ ইন্ডেন্টিং এজেন্টস্ এসোসিয়েশনের সায়হাম স্কাই ভিউ টাওয়ার, সপ্তম তলা, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী (ওস্ত ৪৫, বিজয় নগর), ঢাকা ১০০০।
- ৩। জনাব মোঃ জাহিদুল আলম চৌধুরী, নির্বাহী অফিসার, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা-কে ওয়েবসাইটে প্রদর্শনের জন্য।
- ৪। প্রধান নিয়ন্ত্রকের ব্যক্তিগত সহকারী, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।
- ৫। নোটিশ বোর্ড।
- ৬। অফিস কপি।